

📃 আস-সাফফাত | As-Saffat | أُلصًا فًات

আয়াতঃ ৩৭: ১৪৫

আরবি মূল আয়াত:

فَنَبَذَنَّهُ بِالعَرَآءِ وَ هُوَ سَقِيمٌ ﴿١٤٥﴾

△ □ অনুবাদসমূহ:

অতঃপর আমি তাকে তৃণলতাহীন প্রান্তরে নিক্ষেপ করলাম এবং সে ছিল অসুস্থ। — আল-বায়ান অতঃপর আমি তাকে তৃণলতাহীন প্রান্তরে নিক্ষেপ করলাম, আর সে ছিল রুগ্ন। — তাইসিরুল অতঃপর তাকে আমি নিক্ষেপ করলাম এক তৃণহীন প্রান্তরে এবং সে ছিল রুগ্ন। — মুজিবুর রহমান But We threw him onto the open shore while he was ill. — Sahih International

১৪৫. অতঃপর ইউনুসকে আমরা নিক্ষেপ করলাম এক তৃণহীন প্রান্তরে(১) এবং তিনি ছিলেন অসুস্থ।

(১) এটি কাতাদাহ এর মত। ইবন আব্বাস থেকে বর্ণিত, এর অর্থ: নদীর তীরে। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

- (১৪৫) অতঃপর ইউনুসকে আমি গাছ-পালাহীন সৈকতে নিক্ষেপ করলাম। [1]
 - [1] যেরূপ ভূমিষ্ঠ হওয়ার সময় মানুষ বা জন্তুর বাচ্চার অবস্থা হয়, সেইরূপ দুর্বল অবস্থায়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3933

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন